



## পোস্টাল ব্যালটে প্রবাসীরা ভোট দিলেন ৪ লাখের বেশি



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রবাসী ভোটগ্রহণে উল্লেখযোগ্য সাড়া মিলেছে। এখন পর্যন্ত প্রায় সোয়া চার লাখ প্রবাসী বাংলাদেশি ভোট দিয়েছেন বলে জানিয়েছে প্রবাসী ভোটার নিবন্ধন বিষয়ক ‘ওসিভি-এসডিআই’ প্রকল্প কর্তৃপক্ষ।

মঙ্গলবার (২৭ জানুয়ারি) প্রকল্পের টিম লিডার সালীম আহমাদ খান জানান, ‘পোস্টাল ভোট বিডি’ মোবাইল অ্যাপ ব্যবহার করে প্রবাসীদের ভোটগ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। সকাল সাড়ে ১০টা পর্যন্ত বিশ্বের বিভিন্ন দেশে মোট ৭ লাখ ৬৬ হাজার ৮৬২টি ব্যালট পৌঁছেছে। এর মধ্যে ৪ লাখ ৯৩ হাজার ৯২০ জন ভোটার ব্যালট গ্রহণ করেছেন।

তিনি আরও জানান, ইতোমধ্যে ৪ লাখ ২৫ হাজার ৭৮৮ জন ভোট দিয়েছেন। তাদের মধ্যে ৩ লাখ ৭০ হাজার ৩২২ জন নিজ নিজ দেশের পোস্ট অফিস বা ডাকবাক্সে ব্যালট জমা দিয়েছেন। এছাড়া বিদেশ থেকে পাঠানো ২১ হাজার ৫০৮টি ব্যালট বাংলাদেশে পৌঁছেছে।

‘পোস্টাল ভোট বিডি’ অ্যাপের মাধ্যমে দেশে ও প্রবাস মিলিয়ে মোট ১৫ লাখ ৩৩ হাজার ৬৮৩ জন ভোটার নিবন্ধন করেছেন বলেও জানান তিনি।